প্রতিদিনের বাংলাদেশ




বেগম খালেদা জিয়ার স্মরণে রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট ভবনে আয়োজিত শোকসভায় অতিথিরা । প্রবা ফটো

# খালেদা জিয়ার স্মরণে শোকসভার আয়োজন

**ছাত্রদলের শোকবই উন্মুক্ত**

> বেগম খালেদা জিয়া তার জীবনে ঐক্যের পাটাতন হিসেবে কাজ করেছেন। তার জানাজার জমিন ছিল সারা বাংলাদেশ : ঢাবি ভিসি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক**

সদ্য প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার স্মরণে শোকসভার আয়োজন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসন। গতকাল রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে এই শোকসভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান বক্তা ছিলেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। তিনি বলেন, বেগম খালেদা জিয়া তার জীবনে ঐক্যের পাটাতন হিসেবে কাজ করেছেন। তার জানাজার জমিন ছিল সারা বাংলাদেশ। মৃত্যুর মধ্য দিয়েও তিনি সবাইকে এক করে দিয়ে গেছেন। বেগম জিয়া গৃহবধূ থেকে রাষ্ট্রনায়ক হয়েছেন। তার পরিচয় সব্যসাচী। এ দেশ ও জাতির জন্য তার যে অবদান তা কখনও ভুলবার নয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন ঢাবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রমুখ।

এ ছাড়া সভার শুরুতে শোকবইয়ে স্বাক্ষর করেন ঢাবি উপাচার্য।

**ছাত্রদলের শোকবই উন্মুক্ত :** বেগম খালেদা জিয়ার স্মরণে ঢাবিতে শোকবই উন্মুক্ত করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাবি শাখা। গতকাল রবিবার ঢাবির কেন্দ্রীয় লাইব্রেরির সামনে শোকবইটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়।

শোকবই উন্মুক্তকরণ অনুষ্ঠানে খালেদা জিয়া সম্পর্কে শোকলিপি লিখে কর্মসূচির উদ্বোধন করেন ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সম্পাদক নাছির উদ্দীন নাছির। তিনি বলেন, দীর্ঘ আন্দোলন-সংগ্রামের পাশাপাশি বেগম খালেদা জিয়া বাংলাদেশের শিক্ষাঙ্গনে অপরিসীম ভূমিকা রেখেছেন। বিশেষ করে নারী শিক্ষার্থীদের দেশে ও বিদেশে কীভাবে অগ্রগতি সাধন করা যায়, তিনি তা বাস্তব উদাহরণের মাধ্যমে দেখিয়েছেন। সাধারণ শিক্ষার্থীরা যেন খালেদা জিয়াকে নিয়ে তাদের চিন্তা-ভাবনা ও অনুভূতি শোকবইতে লিপিবদ্ধ করতে পারেন– সে লক্ষ্যেই এই আয়োজন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস, সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক নাছির উদ্দীন শাওনসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

প্রথম আলো
৫-১-২০২৬

# শ্রদ্ধা নিবেদন ঢাবির সাদা দলের শিক্ষকদের

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাদা দলের শিক্ষকেরা। দুজনের কবর জিয়ারতও করেন তাঁরা। সাদা দলের শিক্ষকেরা গতকাল রোববার সকালে রাজধানীর জিয়া উদ্যানে গিয়ে কবর জিয়ারত করেন। এ সময় দোয়া পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের অধ্যাপক এ বি এম সিদ্দিকুর রহমান নিজামী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাদা দলের আহ্বায়ক মোর্শেদ হাসান খান বলেন, 'খালেদা জিয়া আমাদের অভিভাবকহীন করে চলে গেছেন। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করি। আল্লাহ তাঁকে জান্নাত নসিব করুন।' শ্রদ্ধা নিবেদন ও কবর জিয়ারতের সময় আরও উপস্থিত ছিলেন সাদা দলের যুগ্ম আহ্বায়ক আবদুস সালাম, আবুল কালাম সরকার, কলা অনুষদের ডিন ছিদ্দিকুর রহমান খান, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ বি এম ওবায়দুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য লুৎফর রহমান প্রমুখ।

**প্রতিবেদক,** *ঢাকা বিশ্ববিদ্যালয়*

## The Daily Observer




White Panel leaders pay tribute to late PM Khaleda Zia at a commemoration meeting held at Senate Bhaban, Dhaka University, on Sunday. PHOTO: OBSERVER

# DU White Panel pays homage to Ziaur Rahman, Khaleda Zia

**DU Correspondent**

The White Panel, a platform of Dhaka University teachers, paid homage at the graves of Shaheed President Ziaur Rahman and former Prime Minister Begum Khaleda Zia at Zia Udyan on Sunday.

Prof Dr Morshed Hasan Khan, the White Panel convener, expressed grief at the loss. "The national leader Begum Khaleda Zia has left us without a guardian. We pray for her soul's forgiveness. May Allah grant her Jannah," he said.

Speaking about BNP's future leadership, Prof Morshed drew parallels between Khaleda Zia and Tarique Rahman. "Begum Khaleda Zia never harboured hatred or enmity. She never behaved badly with anyone. Similarly, Tarique Rahman does not hold any hatred; he is engaging in dialogue with everyone," he told reporters.

## আলোকিত বাংলাদেশ




# খালেদা জিয়ার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোক বই খোলা হয়েছে

**আলোকিত ডেস্ক :** জাতীয় ঐক্যের প্রতীক সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার একটি শোক বই খোলা হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এসএমএ ফায়েজ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, সাবেক প্রো-উপাচার্য, সিনেট ও সিন্ডিকেট সদস্যরা এবং বিশিষ্ট শিক্ষাবিদরা গতকাল এই শোক বইয়ে স্বাক্ষর করেছেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

The Financial Express



Dhaka University Vice-Chancellor Prof Niaz Ahmed Khan speaking at a condolence meeting, organised at Nawab Ali Chowdhury Senate Bhaban on the campus on Sunday to pay tribute to former prime minister Begum Khaleda Zia. — Focus Bangla

## DU Sada Dal pays tribute to Zia, Khaleda

DU CORRESPONDENT

The pro-BNP teachers' association of Dhaka University (DU), known as "Sada Dal", paid tribute to late President Ziaur Rahman and Prime Minister Begum Khaleda Zia by visiting their graves, placing wreaths, and offering prayers for them.

The programme was held at Zia Udyan in the capital on Sunday morning. DU Sada Dal Convener Professor Dr Morshed Hasan Khan said Begum Khaleda Zia had left them "guardianless". Expressing optimism, he added that Tarique Rahman would unite all and lead the country in the right direction.

Among others, present at the programme were DU Sada Dal joint conveners Prof Dr Abdus Salam and Md Abul Kalam Sarker, Vice-Chancellor of Bangladesh Open University Prof Dr A B M Obaidul Islam, and Pro Vice-Chancellor of National University Prof Md Lutfur Rahman.

দিনকাল



## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার কবর জিয়ারত ঢাবি সাদা দলের

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ পৌষ ১৪৩২

DU in Media

05 January 2026

জনকণ্ঠ




*বেগম খালেদা জিয়ার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রবিবার শোক বইতে স্বাক্ষর করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান -জনকণ্ঠ*

# খালেদা জিয়া স্মরণে ঢাবিতে শোকসভা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** সদ্য প্রয়াত সাবেক তিনবারের প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে শোকসভা অনুষ্ঠিত হয়েছে। একই দিনে ঢাবি ছাত্রদল তাঁর স্মরণে শোকবই উন্মুক্ত করে এবং ঢাবি সাদা দল জিয়াউর রহমান ও খালেদা জিয়ার কবর জিয়ারত করে শ্রদ্ধা নিবেদন করেছে।

রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে এই শোকসভা হয়। পরে শোকবই উন্মুক্ত করে ছাত্রদল।

শোকসভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। তিনি বলেন, বেগম খালেদা জিয়া জীবদ্দশায় যেমন ঐক্যের প্রতীক ছিলেন, মৃত্যুর মধ্য দিয়েও তিনি জাতিকে ঐক্যবদ্ধ করে গেছেন। গৃহবধূ থেকে রাষ্ট্রনায়ক হয়ে ওঠা খালেদা জিয়ার অবদান জাতি কখনো ভুলবে না।

শোকসভার শুরুতে উপাচার্য শোকবইয়ে স্বাক্ষর করেন। এ সময় ঢাবির উপ-উপাচার্য অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ও অধ্যাপক ড. মামুন আহমেদসহ প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

**শোকবই উন্মুক্ত করল ঢাবি ছাত্রদল ॥** বেগম খালেদা জিয়ার স্মরণে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা শোকবই উন্মুক্ত করেছে। রবিবার ঢাবির কেন্দ্রীয় লাইব্রেরির সামনে সর্বসাধারণের জন্য শোকবইটি উন্মুক্ত করা হয়।

## শোকবই উন্মুক্ত করল ঢাবি ছাত্রদল

উদ্বোধনী বক্তব্যে ছাত্রদলের কেন্দ্রীয় সেক্রেটারি নাছির উদ্দীন নাছির বলেন, শিক্ষা ও নারী অগ্রগতিতে খালেদা জিয়ার ভূমিকা ছিল অনন্য। সাধারণ শিক্ষার্থীরা যেন তাদের অনুভূতি প্রকাশ করতে পারেন- সে লক্ষ্যেই এই আয়োজন করা হয়েছে। শোকবইটি ৫ ও ৬ জানুয়ারি সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত উন্মুক্ত থাকবে।

মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবর জিয়ারত, পুষ্পার্ঘ অর্পণ ও ফাতেহা পাঠ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় সাদা দল। রবিবার সকালে শেরেবাংলা নগরের জিয়া উদ্যানে এ কর্মসূচি পালন করা হয়।

শ্রদ্ধা নিবেদন শেষে সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান বলেন, দেশনেত্রী খালেদা জিয়ার শূন্যতা অপূরণীয়। বিএনপির আগামী নেতৃত্বের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, বেগম খালেদা জিয়ার মধ্যে কোনো হিংসা বিদ্বেষ ছিল না। কোনোদিন কারো সঙ্গে খারাপ আচরণ করেনি। ঠিক তেমনি তারেক রহমানের মাঝেও কোনো ধরনের হিংসা বিদ্বেষ নেই। তিনি সবার সঙ্গে আলোচনায় বসছেন। সবাইকে নিয়ে দেশ পরিচালনার কথা ভাবছেন। আশা করি দেশনেত্রীর মত সবাইকে একত্রিত করে দেশকে সঠিকভাবে পরিচালনা করবেন।

কর্মসূচিতে বিভিন্ন অনুষদের ডিন, হল প্রাধ্যক্ষসহ শতাধিক শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



আমাদের সময়

## খালেদা জিয়ার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোকসভা

## খালেদা জিয়ার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোকসভা

কালবেলা




## খালেদা জিয়া ছিলেন জাতীয় ঐক্যের এক বিরল প্রতীক

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



ভোরের আলো



## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার কবর জিয়ারত ঢাবি সাদা দলের

### জিয়াউর রহমান ও

The Business Standard

# DU runner's community raises awareness against noise pollution




**Participants take part in DURC 10K 2026 at Dhaka University on Saturday, raising awareness against noise pollution.** PHOTO: COURTESY

ENVIRONMENT - DHAKA

**TBS REPORT**

A public awareness run, DURC 10K 2026, was held at Dhaka University on Saturday to raise awareness against noise pollution.

Organised under the theme "Run Against Noise Pollution," the event attracted widespread participation from across the country.

The run began at the Dhaka University central playground, circled the campus, and concluded at the same venue. Around 2,000 runners took part in two categories—5 kilometres and 10 kilometres. Participants included current and former students, public and private sector employees, members of uniformed services, and runners of all ages and genders.

The campus came alive in vibrant shades of blue and red as the runners set off at dawn.

The event was organised by the Dhaka University Runners Community (DURC), with the Department of Environment as co-organiser. Support was provided by the Dhaka University Central Students' Union (Ducsu), Bangladesh Athletics Federation, the Institute of Physical Education, and the Central Gymnasium, along with several runners' communities.

The programme began at 5:45am with a warm-up session led by boxing champion Sura Krishna Chakma, followed by an inaugural address by Kamruzzaman, NDC, director general of the Department of Environment.

The 10-kilometre race started at 5:55am, followed by the 5-kilometre race at 6am. All participants completing the course within the stipulated time received medals, T-shirts, kit bags and other rewards.

Twenty-four runners were awarded podium prizes across different categories.